ইত্তেফাক

তারিখ 4/2/79
পৃষ্ঠা 1 কলাম 5



# কলেজ শিক্ষকদের অবিলম্বে কাজে যোগদানের আহ্বান

বাসস জানায়, ১৯৭৭ সালের জুলাই হইতে কার্যকর সাপেক্ষে কলেজ শিক্ষকদের বেতন স্কেলের উন্নতিবিধান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি শীঘ্রই প্রকাশিত হইবে।

গতরাত্রে এক প্রেসনোটে ইহা উল্লেখ করিয়া বলা হয়, শিক্ষা ও জাতির বৃহত্তর স্বার্থে কর্ম বিরতি পালনকারী সরকারী কলেজ শিক্ষকদের অবিলম্বে তাঁহাদের কার্যে যোগদানের জন্য সরকার আবেদন জানাইয়াছেন।